প্রথম আলো

তারিখ: 27 DEC 2015
পৃষ্ঠা: ৬ কলাম: ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে অণুজীববিজ্ঞান সম্মেলন শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অণুজীববিজ্ঞান সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনের প্রথম দিনে গতকাল শনিবার গবেষণায় অবদান রাখায় দুজন অণুজীববিজ্ঞানীকে আজীবন সম্মাননা দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অণুজীববিজ্ঞান বিভাগ ও বাংলাদেশ সোসাইটি অব মাইক্রোবায়োলজিস্ট।

সম্মাননাপ্রাপ্ত বিজ্ঞানীরা হলেন অধ্যাপক আনোয়ারুল আজীম চৌধুরী (মরণোত্তর) ও অধ্যাপক খাজা মোহাম্মদ সুলতানুল আজিজ। বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন উপলক্ষে এই সম্মাননা দেওয়া হয়।

উদ্বোধনী বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সহিদ আকতার হুসাইন বলেন, সামাজিক ও জাতীয় স্বাস্থ্য নিরাপত্তা, স্বাস্থ্য ব্যবস্থাপনা ও বিভিন্ন রোগ নিরূপণের ক্ষেত্রে অণুজীববিজ্ঞানীদের বিশেষ ভূমিকা রয়েছে।